

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০৩২.০০.০০.০৫২.১৬(অংশ-১)- ৩৮০

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪
০১ জুন, ২০১৭


বিষয় : ইউনিয়ন পরিষদ সচিবদের অবশিষ্ট পাওনা ছুটির পরিবর্তে ১২(বার) মাসের ছুটি নগদায়নের স্থলে ১৮(আঠারো) মাসের ছুটি নগদায়ন প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, দিনাজপুর এর পত্র নং-২৪২, তারিখ : ২৩/০৩/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১১ এর বিধি-৮ এ উল্লেখ রয়েছে যে, “৮। বেতন ও ভাতা।- সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জাতীয় বেতনস্কেল এর আলোকে কর্মচারীদের বেতন ও ভাতা নির্ধারণ করিতে হইবে।” সে অনুযায়ী ১ জুলাই, ২০১৫ হতে ইউপি সচিবদের বেতন জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হয় (সংযুক্তি-১)। বেতন নির্ধারণ ও প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের ১৫ ডিসেম্বর, ২০১৫ তারিখের এস আর ও নং-৩৬৯-আইন/২০১৫ যথাযথভাবে অনুসরণ করতে বলা হয়। ইউপি সচিবগণের অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন সময়ে অবশিষ্ট পাওনা ছুটির পরিবর্তে ১২ (বার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন প্রদান ও শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদানের জন্য গত ০৫/০৬/২০১২ তারিখে সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করা হয় (সংযুক্তি-২)। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এ উল্লেখ রয়েছে যে, “অবসরকালে অর্জিত ছুটি পাওনা সাপেক্ষে ১২ (বার) মাসের ছুটি নগদায়নের বিধান পরিবর্তন করে ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন।”

০২। এমতাবস্থায়, জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ইউনিয়ন পরিষদ সচিবগণ অবসরকালে অর্জিত ছুটি পাওনা সাপেক্ষে ১২ (বার) মাসের ছুটি নগদায়নের পরিবর্তে ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(ড. সৈয়দা নওশীন পার্ভীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি, নিউ সার্কুলার রোড,
মালিবাগ মোড়, মৌচাক টাওয়ার (১১ তলা)
ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।